

স্মারক নং- ইআবি/রেজি/জনসংযোগ/সংবাদ বিজ্ঞপ্তি/২০১৫/৭৯৬৩

তারিখ: ০১/০৪/২০১৯ইং

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা /ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### সংবাদ বিজ্ঞপ্তি

## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ডাকঘর উদ্বোধন

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ডাকঘর শুভ উদ্বোধন। আজ সকালে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ডাকঘর উদ্বোধন করেন ডাক বিভাগের মহাপরিচালক জনাব সুশান্ত কুমার মন্ডল। এ সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ, মাননীয় ট্রেজারার জনাব এস. এম এহসান কবীর ও এডিশনাল পোস্ট মাস্টার জেনারেল মো: সালেহ আহমেদ উপস্থিত ছিলেন।

ডাকঘর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ বলেন, আজ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় নবদিগন্তের সূচনা হল। একটি ডাকঘর স্থাপনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে নতুন গতি সঞ্চারিত হল। আমাদের প্রত্যেকের ঠিকানার ক্ষেত্রে পোস্টাল কোড অত্যন্ত গুরুত্ব বহন করে, এটি ছাড়া ঠিকানা পরিপূর্ণ হয় না। ডাকঘর-এর সেবার মাধ্যমে পরীক্ষার উত্তরপত্র পরীক্ষকের কাছে অতি দ্রুত সময়ে পৌঁছাবে, এর ধারাবাহিকতায় পরীক্ষার ফলাফল আরো দ্রুত প্রকাশ করা সম্ভব হবে। তিনি আরো বলেন যোগাযোগের ক্ষেত্রে এখন মোবাইল ফোনের বহুল ব্যবহার হলেও স্থায়ী মাধ্যম হিসেবে চিঠিপত্রের প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

ডাক বিভাগের মহাপরিচালক জনাব সুশান্ত কুমার মন্ডল বলেন, গ্রামের প্রান্তিক মানুষের কাছে সহজে সেবা পৌঁছে দিতে নিরলস কাজ করে যাচ্ছে ডাক বিভাগ। তিনি বলেন ডাক বিভাগ প্রতিটি নাগরিকের পরিচয় বহন করে। এ সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সকল কাজে বাংলাদেশ ডাক বিভাগ সর্বাত্মক সহযোগীতা করার আশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর সিরাজ উদ্দিন আহমদ, উপ-রেজিস্ট্রার জনাব ড. এম. আবু হানিফা, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আবদুল খালেক, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ জিয়াউর রহমান সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

রেজিস্ট্রারের কার্যালয়  
www.iau.edu.bd  
iaudhaka@gmail.com



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
অস্থায়ী কার্যালয়

বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, সড়ক নং-৩, পশ্চিম ধানমন্ডি,  
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।